



চট্টগ্রাম সিটি কর্পোরেশন জনসংযোগ শাখা চট্টগ্রাম। (প্রেস বিজ্ঞপ্তি)

চট্টগ্রাম-১৩ জুন ২০১৮ ইংরেজী।

আগ্রাবাদ সংযোগ সড়ক ও পোর্ট কানেকটিং সড়কে চলমান ১৫০ কোটি টাকা উন্নয়ন প্রকল্পের কাজ পরিদর্শন করেন মেয়র আ জ ম নাছির উদ্দীন

নগরীর ব্যস্ততম সড়ক হিসেবে খ্যাত আগ্রাবাদ সংযোগ সড়ক ও পোর্ট কানেকটিং সড়কে চলমান ১৫০ কোটি টাকা উন্নয়ন প্রকল্পের কাজ পরিদর্শন করলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন। আজ বুধবার দুপুরে তিনি এ প্রকল্প সমূহের কাজ পরিদর্শন করেন। এই সময় সিটি মেয়রের সাথে চসিক কাউন্সিলর এইচ এম সোহেল, প্রধান প্রকৌশলী লে. কর্ণেল মহিউদ্দিন আহমদ, অতিরিক্ত প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী আবু ছালেহ, নিবাহী প্রকৌশলী আবু সাদাত মোঃ তৈয়ব, বিপ্লব দাশ, সহকারী প্রকৌশলী মজিবুল হায়দার ও স্থানীয় গন্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। এই প্রকল্পের আওতায় দুই পর্যায়ে (৫০ + ৫০) বা ১০০ কোটি টাকা ব্যয়ে নিমতলা পোর্ট কানেকটিং থেকে বড়পুল, বড়পুল থেকে নয়াবাজার পর্যন্ত এবং আগ্রাবাদ বাদামতলী থেকে বড়পুল নয়াবাজার পর্যন্ত ৫০ কোটি টাকা ব্যয়ে এ উন্নয়ন কাজ বাস্তবায়িত হচ্ছে। একই প্রকল্পের আওতায় রাস্তার দুইপাশে আর সিসি ড্রেন ও ফুটপাথ নির্মাণ, রাস্তার মাঝখানে ৮ ফুট দৈর্ঘ্য বিশিষ্ট মিডিয়ান নির্মাণ, এলইডি আলোকায়ন ব্যবস্থা থাকবে। ছয় লেনে ১২০ ফুট প্রশস্ত বিশিষ্ট পোর্ট কানেকটিং রোডের মোট দৈর্ঘ্য ২ কি.মি। অপরদিকে একই প্রকল্পে আগ্রাবাদ এক্সেস রোডও ২ কি.মি পর্যন্ত উন্নয়ন বাস্তবায়ন করা হবে। জাইকার অর্থায়নে এই উন্নয়ন প্রকল্পের কাজ গত জানুয়ারী-২০১৮ ইংরেজী থেকে শুরু হয় এবং ১৯শে মে-২০১৯ সালে এই প্রকল্প সমূহের কাজ শেষ হবার দিনক্ষণ ধার্য আছে। পরিদর্শনকালে সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, আগামী ২ বছরের মধ্যে নগরের সকল সড়কসমূহে শতভাগ কাপেটিং বাস্তবায়ন করা হবে। চট্টগ্রাম বন্দরের পণ্য পরিবহনে নিমতলা পোর্ট কানেকটিং রোড এবং আগ্রাবাদ এক্সেস রোড গুরুত্বপূর্ণ। এই সড়ক দিয়েই বন্দর থেকে পণ্য বা কন্টেইনার বাহী পরিবহন ঢাকাসহ দেশের নানাপ্রান্তে যাতায়াত করে। দীর্ঘদিন ধরে এই সড়কের বেহাল অবস্থার কারণে বন্দরের পণ্য পরিবহনের ক্ষেত্রে সংশ্লিষ্টদেরকে দুর্ভোগ এবং হয়রানি পোহাতে হচ্ছে। ছয় লেন বিশিষ্ট পোর্ট কানেকটিং রোড এবং আগ্রাবাদ এক্সেস রোড উন্নয়ন কাজ বাস্তবায়িত হলে বন্দরের পণ্য পরিবহনে গতিশীলতা ফিরে আসবে। তিনি উন্নয়ন কাজ চলাকালীন সময়ে সড়কগুলোতে অবৈধ পার্কিং এর কারণে যানজট সৃষ্টির জন্য ক্ষোভ প্রকাশ করেন। এই প্রসঙ্গে তিনি ট্রাফিক প্রশাসনকে যথাযথ দায়িত্ব পালনের আহ্বান জানান।

এর পূর্বে মেয়র গত তিন দিনের অবিরাম টানা বর্ষণে চট্টগ্রাম বাটালি হিল মিঠা পাহাড়ের কিছু অংশ ধসে পড়ে পাহাড়ের পাদদেশে অবস্থিত চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বিনা ঘাস প্রদর্শনী প্লটের কিছু অংশ ক্ষতিগ্রস্ত হয়েছে। তিনি এ ক্ষতিগ্রস্ত প্রদর্শনী প্লট পরিদর্শন করেন। মেয়র বিনা ঘাস প্রদর্শনী প্লটে রোপন করা চারাগুলোর বর্তমান অবস্থা পর্যবেক্ষণ করেন।

যাকাতের অর্থ সঠিক ভাবে গরীব দুঃখীদের নিকট পৌঁছে দেয়া হলে বাংলাদেশ থেকে দারিদ্রতা চির তরে দূরহয়ে যাবে জামালখান ওয়ার্ডে ঈদ বস্ত্র বিতরণ অনুষ্ঠানে সিটি মেয়র

চট্টগ্রাম-১৩ জুন ২০১৮খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন, যাকাতের অর্থ সঠিকভাবে গরীব দুঃখীদের নিকট পৌঁছে দেয়া হলে বাংলাদেশ থেকে দারিদ্রতা চিরতরে দূর হয়ে যাবে। দুঃখের বিষয় যে, ১টি লুঙ্গী আর শাড়ীর মধ্যে যাকাত অনেকটা সীমাবদ্ধ থাকায় দারিদ্রতা নিরসন হচ্ছে না। তবে জননেত্রী শেখ হাসিনার সরকার দেশ থেকে ধীরে ধীরে দারিদ্রতা দূর করে যাচ্ছেন। বাংলাদেশ নিঃশেষে মধ্য আয়ের দেশে উন্নিত হয়েছে। আশা করা যাচ্ছে ২০২১ সনে বাংলাদেশ মধ্য আয়ের দেশে উন্নিত হবে। মেয়র দরিদ্র পরিবারের সকলকে কর্ম করার পরামর্শ দেন এবং তাদের সন্তানদের শিক্ষার সুযোগ গ্রহণ করারও আহবান জানান। তিনি বলেন, প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা সরকারী প্রাথমিক বিদ্যালয়গুলোতে পুষ্টিহীনতা দূরিকরণের লক্ষ্যে ছাত্র-ছাত্রীদের মাঝে পুষ্টিগুণ সমৃদ্ধ খাদ্য সরবরাহের ব্যবস্থা করেছে। মেয়র সন্তানদের নিয়মিত স্কুলে পাঠানোর পরামর্শ দেন। মেয়র বলেন, আজ যারা গরীব আগামীতে তারা আর গরীব থাকবে না। তিনি সক্ষম সকলের হাতকে কর্মীর হাতে পরিনত করারও পরামর্শ দেন। কারণ হাত পাতার চেয়ে কাজ করাই উত্তম। মেয়র আগামী জাতীয় সংসদ নির্বাচনে নৌকা প্রতীকে ভোট দেয়ার জন্য সকলের প্রতি আহবান জানান। গত ১২ জুন ২০১৮ খ্রি. মঙ্গলবার, নগরীর প্রিয়া কমিউনিটি সেন্টারে জামালখান ওয়ার্ড কাউন্সিলর শৈবাল দাশ সুমনের উদ্যোগে আয়োজিত দু'দিন ব্যাপি ২ হাজার স্বেচ্ছা আয়ের মানুষের মাঝে ঈদ বস্ত্র বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষনে মেয়র এ সব কথা বলেন। কাউন্সিলর শৈবাল দাশ সুমনের সভাপতিত্বে ঈদ বস্ত্র বিতরণ অনুষ্ঠানে চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের তথ্য ও গবেষণা সম্পাদক চন্দন ধর, দক্ষিণ জেলা আওয়ামীলীগের শ্রম বিষয়ক সম্পাদক আলহাজ্ব খুরশিদ আলম চৌধুরী, মহানগর আওয়ামীলীগের কার্যনির্বাহী সদস্য বেলাল আহম্মদ, কোতোয়ালী থানা আওয়ামীলীগের সহ সভাপতি হাজী শাহাবুদ্দিন, সাংগঠনিক সম্পাদক মিথুন বড়ুয়া, জামালখান ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি আবুল হাসেম বাবুল, বিকেএমই এর পরিচালক রাজিব দাশ সুজয়, তড়িৎ কান্তি দে, যুবলীগ নেতা জাবেদুল আলম সুমন, ওয়াহিদুল আলম শিমুল, ক্রীড়া সংগঠক কিশোর দত্ত মানু, ছাত্রলীগ নেতা সৈকত দাশ, সাব্বির সাদেক ও নারী নেত্রী জাফরিন সুলতানা পম্পীসহ অন্যরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠান শেষে মেয়র দুঃস্থদের

মাঝে ঈদ বস্ত্র বিতরণ করেন। উল্লেখ্য যে, আগামীকাল ১৪ জুন প্রিয়া কমিউনিটি সেন্টারে এই ঈদ বস্ত্র বিতরণ করা হবে।

সংবাদদাতা

রফিকুল ইসলাম

জনসংযোগ কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন